

১০/৩
২২/১/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০০.০০.০০৫.২০১৬-২৪৯

তারিখঃ ২২-০৯-২০১৬ খ্রিঃ।

বিষয় : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের “সিস্টেম এনালিস্ট” পদের জন্য মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) পূরণ করে
জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের “সিস্টেম এনালিস্ট” এর ০১টি শূণ্য পদে সরাসরি নিয়োগের জন্য গত ২২-০৫-২০১৬ তারিখে অনলাইনে বিজ্ঞপ্তি জারি করা হয়। অনলাইনে আবেদনকারী প্রার্থীদেরকে মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd) হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৫-০৯-২০১৬ থেকে ০৬-১০-২০১৬ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০:০০ টা থেকে ৪:০০টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায়, পরিচালক, ইউনিট-৭ বরাবর হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করা যাবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ থাকবে না অর্থাৎ তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

২। মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) জমাদানকারী প্রার্থীদের মধ্যে বাছাইকালে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচী, এবং অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd) এবং দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)